

কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন পত্রের দলিল (জাতীয়)

**For Procurement of Services**  
(Request For Quotation Method)

আরএফকিউ নং-৪৪/২০২৩-২৪  
জারির তারিখ:-২৭/০৫/২০২৪ খ্রিঃ




ব্রাহ্মণবাড়িয়া পল্লী বিদ্যুৎ সমিতি  
দক্ষিণ সুহিলপুর, ব্রাহ্মণবাড়িয়া।

যানবাহন বীমা নবায়নের লক্ষ্যে অনুরোধ জ্ঞাপন (RFQ) পদ্ধতিতে দরপত্র

প্রশাসন বিভাগ  
ব্রাহ্মণবাড়িয়া পল্লী বিদ্যুৎ সমিতি  
দক্ষিণ সুহিলপুর, ব্রাহ্মণবাড়িয়া।

ই-মেইলঃ [bbaripbs@yahoo.com](mailto:bbaripbs@yahoo.com) . Web : [www.pbs.brahmanbaria.gov.bd](http://www.pbs.brahmanbaria.gov.bd)



## ব্রাহ্মণবাড়িয়া পল্লী বিদ্যুৎ সমিতি

(ISO 9001:2015 Certified)

দক্ষিণ সুহিলপুর, ব্রাহ্মণবাড়িয়া।

ফোনঃ ০৮৫১-৫৭৫০০

ই-মেইলঃ [bbariapbs@yahoo.com](mailto:bbariapbs@yahoo.com),

স্মারক নং-২৭.১২.১২১৩.৫৫২.০১.০৩৮-২৪- ২৩৪৬

তারিখঃ- ১৩ জৈষ্ঠ ১৪৩১ বঙ্গাব্দ  
২৭ মে ২০২৪ খ্রিঃ

বিষয়ঃ-অনুরোধ জ্ঞাপন (RFQ)পদ্ধতিতে যানবাহন বীমা নবায়নের নিমিত্তে কোটেশন আহবান (দরপত্র নং-৪৪/২০২৩-২৪)।

১. ব্রাহ্মণবাড়িয়া পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃক নিম্নবর্ণিত বিবরণ ও শর্ত সাপেক্ষে রিবন সরবরাহের নিমিত্তে পবিস এর নিজস্ব তহবিলের আওতায় বাংলাদেশী প্রকৃত সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হতে নিজস্ব লেটার হেড প্যাডে সীল মোহরকৃত খামে কোটেশন আহবান করা যাচ্ছে।
২. যানবাহন বীমা নবায়ন করতে ইচ্ছুক সকল কোটেশনদাতা কর্তৃক সংশ্লিষ্ট সেবার বিস্তারিত বিনির্দেশ অফিস চলাকালীন সময়ে সকল কার্যদিবসে ক্রয়কারীর দপ্তরে প্রাপ্তিসাধ্য হবে।
৩. এতদসঙ্গে সংযুক্ত 'কোটেশন দলিল' ব্যবহার করে কোটেশন প্রস্তুত এবং দাখিল করতে হবে। কোটেশন দলিল সমিতির ওয়েব সাইট [pbs.brahmanbaria.gov.bd](http://pbs.brahmanbaria.gov.bd) হতে ডাউনলোড করে কোটেশনের সকল শর্তাদি পূরণ সাপেক্ষে দাখিল করতে হবে। নির্ধারিত কোটেশন ব্যতীত অন্য কোন কোটেশন বা ফরমে দরপত্র গ্রহনযোগ্য হবেনা অথবা আবেদনের মাধ্যমে ব্রাহ্মণবাড়িয়া পবিস হতে কোটেশন দলিল সংগ্রহ পূর্বক দর দাখিল করা যাবে।
৪. নির্ধারিত কোটেশন দলিল যথাযথভাবে পূরণপূর্বক ক্ষমতাপ্রাপ্ত স্বাক্ষরকারী কর্তৃক প্রতিটি পৃষ্ঠা স্বাক্ষর করে ৬ অনুচ্ছেদে উল্লিখিত তারিখ ও সময়ে কোটেশন আহ্বান কারী কর্তৃক নির্ধারিত স্থানে অর্থাৎ ক) সিনিয়র জেনারেল ম্যানেজার, ব্রাহ্মণবাড়িয়া পল্লী বিদ্যুৎ সমিতি, দক্ষিণ সুহিলপুর, ব্রাহ্মণবাড়িয়া অথবা খ) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (পূঃ অঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা-১২১৯ এর দপ্তরে রক্ষিত টেন্ডার বাক্সে দাখিল করতে হবে।
৫. কোটেশন দাখিল এবং যানবাহন বীমা নবায়নের কোনো জামানত যেমন, কোটেশন জামানত এবং কার্য-সম্পাদন জামানতের (যদি চুক্তি সম্পাদিত হয়) প্রয়োজন হবে না।
৬. সিলমোহরকৃত খাম আগামী ০৩/০৬/২০২৪খ্রিঃ তারিখ এবং সময়-১২:০০ ঘটিকা পর্যন্ত কোটেশন ৪ নং অনুচ্ছেদে বর্ণিত দপ্তরে দাখিল করা যাবে। কোটেশনের খামে রিবন সরবরাহের নিমিত্তে কোটেশন এবং আগামী ০৩/০৬/২০২৪ খ্রিঃ তারিখ এবং সময়- বেলা ১২:০৫ এর আগে খোলা যাবে না" লিখে অবশ্যই সুস্পষ্টভাবে চিহ্নিত করতে হবে। উল্লিখিত সময়ের পরে প্রাপ্ত কোটেশন গ্রহণযোগ্য হবে না।
৭. প্রাপ্ত দরপত্র সমূহ ০৩/০৬/২০২৪ খ্রিঃ তারিখ বেলা ১২:০৫ ঘটিকার সময় উপস্থিত দরদাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে। দরপত্র বিজ্ঞপ্তি অত্র পবিস'র ওয়েব সাইট [pbs.brahmanbaria.gov.bd](http://pbs.brahmanbaria.gov.bd) এ দেখা যাবে।
৮. কোটেশন দাখিলের নির্ধারিত সর্বশেষ তারিখ হতে ন্যূনতম ৬০ দিন পর্যন্ত সকল কোটেশন বৈধ থাকবে।
৯. কোটেশন দাখিলের সর্বশেষ সময়সীমা উত্তীর্ণের তারিখে প্রাপ্ত কোটেশনসমূহ ক্রমিক নং-৪ এ বর্ণিত স্থান সমূহে যথাযথ কর্তৃপক্ষের ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক দরপত্র উন্মুক্ত করা হবে।
১০. যানবাহন বীমা নবায়নের সরবরাহের নিমিত্তে কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠান কর্তৃক কার্য সম্পাদনের পর সমিতির প্রতিনিধির মাধ্যমে মালামালের গুনগত মান সন্তোষজনক সাপেক্ষে গ্রহন করা হবে। সন্তোষজনকভাবে কার্য সম্পাদনের পর বিল দাখিল সাপেক্ষে একাউন্টপেয়ী চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হবে। পরিশোধযোগ্য বিল হতে সরকারী নিয়মানুযায়ী উৎসে কর, আয়কর ও অন্যান্য কর (প্রয়োজ্য ক্ষেত্রে) কর্তন করা হবে।
১১. দর টাকায় উদ্ধৃত করতে হবে এবং এ চুক্তির অধীন পরবর্তীতে মূল্য পরিশোধও টাকায় করা হবে। কোটেশন দাতার প্রস্তাবিত মূল্য, যদি গৃহীত হয়, তবে তা চুক্তিকালীন সময়ে স্থির অংকে থাকবে।

